

শিক্ষাসনদ অনলাইনে সত্যায়নের আহ্বান ইউজিসির

নিজস্ব প্রতিবেদক

০৭ নভেম্বর ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদের ময়ো



বিদেশে উচ্চশিক্ষা গ্রহণ ও চাকরিপ্রত্যাশী বাংলাদেশি শিক্ষার্থীদের শিক্ষা সনদ অনলাইনে সত্যায়নে এপোষ্টল প্ল্যাটফর্ম ব্যবহারে জন্য দেশের বিশ্ববিদ্যালয়গুলোকে আহ্বান জানিয়েছেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মন্ত্রি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর ড. এস. এম. এ. ফায়েজ। গতকাল বুধবার ইউজিসি অডিটরিয়ামে এক কর্মশালায় তিনি এ কথা বলেন।

‘দেশের সব বিশ্ববিদ্যালয় থেকে অর্জিত ডিপ্রি নিয়ে বিদেশ গমনে ইচ্ছুক শিক্ষার্থীদের সনদ অনলাইনে সত্যায়ন’ শীর্ষক কর্মশালায় সভাপতিত্ব করেন ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এবং ট্রেনিং বিভাগের পরিচালক মো. ওমর ফারুখ। অনুষ্ঠানে আরও বক্তব্য দেন আরও বক্তব্য দেন ইউজিসির সদস্য প্রফেসর ড. মোহাম্মদ তানজীমউদ্দিন খান, প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার হোসেন, পররাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব সৈয়দ মাসুদ মাহমুদ খন্দকার ও ইউজিসি সচিব ড. মো. ফখরুল ইসলাম।

ইউজিসি চেয়ারম্যান প্রফেসর ফায়েজ বলেন, পররাষ্ট্র মন্ত্রণালয়কে প্রতি মাসে দুই লাখ সার্টিফিকেট সত্যায়ন করতে হয়। এপোষ্টল পদ্ধতিতে সার্টিফিকেট সত্যায়ন নিশ্চিত করা গেলে তাদের কর্মঘট্টা সাশ্রয় হবে বলে মন্তব্য করেন ইউজিসি চেয়ারম্যান। তিনি আরও বলেন, জুলাই গণ-অভ্যুত্থানে শহীদের প্রত্যাশা পূরণ ও দেশ সুন্দরভাবে গড়তে ইউজিসি, বিশ্ববিদ্যালয়সমূহ এবং পররাষ্ট্র মন্ত্রণালয় ঐক্যবন্ধভাবে হয়ে কাজ করবে।

অনুষ্ঠানে কমিশনের গবেষণা সহায়তা ও প্রকাশনা বিভাগের পরিচালক ড. ফেরদৌস জামান, বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগের পরিচালক ড. সুলতান মাহমুদ ভূইয়া, জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগের পরিচালক ড. শামসুল আরেফিন, পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগের পরিচালক মোহাম্মদ জামিনুর রহমান, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক মোহাম্মদ মাকছুদুর রহমান ভূইয়া, জেনারেল সার্ভিসেস, এস্টেট অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের পরিচালক জাফর আহমদ জাহাঙ্গীর, স্ট্র্যাটেজিক প্ল্যানিং, কোয়ালিটি অ্যাসিউরেন্স বিভাগের পরিচালক ড. দুর্গা রানী সরকার, অর্থ ও হিসাব বিভাগের পরিচালক মো. রেজাউল করিম হাওলাদারসহ শিক্ষা মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, এটুআই, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ও আইটি কর্মকর্তা এবং ইউজিসি'র সংশ্লিষ্ট কর্মকর্তারা অংশগ্রহণ করেন।

[আরও খবর](#) থেকে আরও পড়ু